# Government of the People's Republic of Bangladesh

Local Government Engineering Department
Office of the Executive Engineer
Pirojpur
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Memo No. 46.02.7900.000.07.001.18-1958 Date: 24-09-2018

## e-Tender Notice No. 02/2018-2019

e-Tender is invited in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) for the procurement as below:

| Sl No. | Tender ID No. | Package No. | Procurement method | Name of work |
|---|---|---|---|---|
| 1 | 228225 | IBRP/Pir/Indur/Brg-01 | OSTETM | Construction of 44.00m Long RCC Girder Bridge on Pattashi UP-Ramchandrapurhat Road at Ch. 000km Road ID 579883005. |
| 2 | 226891 | CHSMMP/PIR/SAD/B-24/18/C-067 | LTM | Construction of Muktijoddho Memorials for Conservation of Muktijoddho Historical Place at Balasser ghat under Pirojpur Sadar Upazila Dist. Pirojpur. |
| 3. | 226890 | CHSMMP/PIR/MAT/B-22/18/C-065 | LTM | Construction of Muktijoddho Memorials for Conservation of Muktijoddho Historical Place at Fuljuri village Shahid Nayak Motaleb under Mathbaria Upazila Dist. Pirojpur. |
| 4 | 226889 | CHSMMP/PIR/NES/B-23/18/C-066 | LTM | Construction of Muktijoddho Memorials for Conservation of Muktijoddho Historical Place at Kuriana Peara Bagan under Nesarabad Upazila Dist. Pirojpur. |

This is an online tender, where only e-Tender will be accepted in the National e-GP Portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender, registration in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) is required. The fees for downloading the e-Tender documents from the National e-GP System Portal have to be deposited through online at any branches of registered banks branches up to last selling 28.10.2018, 17:00pm, closing 29.10.2018, 13:00pm and opening 29.10.2018, 13:00pm [ID No: 228225]. Last selling 14.10.2018, 17:00pm, closing 15.10.2018, 13:00pm and opening 15.10.2018, 13:00pm [ID No: 226890, 226890 & 226889]. Further information and guidelines are available in the National e-GP System Portal and from e-GP help desk (helpdesk@eprocure.gov.bd).

**Sushanta Ranjan Roy**
Executive Engineer
LGED, Pirojpur
0461-62463
xen.perojpur@lged.gov.bd

GD-2251

# সাধারণ বীমা কর্পোরেশন

# SADHARAN BIMA CORPORATION

[রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান]
৩৩, দিলকুশা বা/এ, প্রধান কার্যালয়, ঢাকা।
**Website : www.sbc.gov.bd**

সূত্র নং-সাবীক/প্রশাঃ/প্রঃকাঃ/নিয়োগ বিজ্ঞপ্তি/২০১৮/২৬০৫ তারিখ : ২৩-০৯-২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন-এর কিছু সংখ্যক শূন্য পদ পূরণের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত পদে ও বেতনস্কেলে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদগুলোর জন্য আবশ্যকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক | টাঃ ২২০০০-৫৩০৬০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বছরের দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী/সমমানের ডিগ্রী। কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের ফলাফল গ্রহণযোগ্য হবে না। তবে অর্থনীতি, গণিত, পরিসংখ্যান, ব্যবস্থাপনা, প্রশাসন ও বাণিজ্য ডিগ্রীধারী এবং কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২. | জুনিয়র অফিসার | টাঃ ১৬০০০-৩৮৬৪০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের ফলাফল গ্রহণযোগ্য হবে না। কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩. | উচ্চমান সহকারী | টাঃ ১১০০০-২৬৫৯০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |

**আবেদনকারীদের জন্য শর্তাবলী ঃ**

১. আগ্রহী প্রার্থীগণকে অবশ্যই নির্ধারিত ওয়েবসাইট http://sbc.teletalk.com.bd এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী ফরম পূরণের নির্দেশিকা (সংশ্লিষ্ট ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক ফরম পূরণ করতে হবে।

২. আবেদনকারীর বয়সসীমা : ০১/০৮/২০১৮ ইং তারিখে বয়স সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটায় আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর (বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

৩. **আবেদনের সময়সীমা :** i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ৩০-০৯-২০১৮, সকাল: ১০.০০ ঘটিকা।
ii) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শেষ তারিখ : ২০-১০-২০১৮, সন্ধ্যা: ০৬.০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ক) সহকারী ব্যবস্থাপক পদের ক্ষেত্রে টাঃ ৫০০/-, খ) জুনিয়র অফিসার পদের ক্ষেত্রে টাঃ ৪০০/- এবং গ) উচ্চমান সহকারী পদের ক্ষেত্রে টাঃ ৩০০/- টাকা জমা দিতে হবে।

৪. Online আবেদনপত্রে প্রার্থীকে তার স্বাক্ষর (৩০০×৮০ Pixel, Size Max 60 KB) ও রঙিন ছবি (৩০০×৩০০ Pixel, Size Max 100 KB) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

৫. Online আবেদনপত্রে পূরণকৃত সকল তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৬. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৭. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রিপেইড মোবাইলের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য নির্ধারিত টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।
প্রথম SMS : SBC<space> User ID লিখে ১৬২২২ এই নম্বরে send করতে হবে।
দ্বিতীয় SMS : SBC<space>YES<space>PIN লিখে ১৬২২২ এই নম্বরে send করতে হবে।

৮. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://**sbc.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে।
Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৯. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১০. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
i) User ID জানা থাকলে SBC<space> <Help> <space> < User > <space> <User ID & send to 16222
Example : SBC Help User ABCDEF & send to 16222
ii) PIN Number জানা থাকলে SBC<space> <Help> <space> <PIN> <space> < PIN No. & send to 16222
Example : SBC Help PIN 12345678 & send to 16222

১১. SBC নিয়োগ পরীক্ষা-২০১৮-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://**sbc.teletalk.com.bd** ও কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট http://**www.sbc.gov.bd** এ পাওয়া যাবে।

১২. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। পরবর্তীতে লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ-এর কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃতদের সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের কপি, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র Online-এ আবেদনের প্রিন্ট কপি (Applicant's Copy)সহ প্রশাসন বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রিকায়, কর্পোরেশনের নিজস্ব ও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৩. চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে।

**অন্যান্য শর্তাবলী ঃ**

নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক এ বিষয়ে জারীকৃত সকল নীতিমালা/কোটা অনুসরণ করা হবে। পরীক্ষার উদ্দেশ্যে যাতায়াতের জন্য কর্পোরেশন কোন প্রকার খরচ বহন করবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আবেদনের শেষ তারিখ
২০-১০-২০১৮ খ্রিঃ

**(মোঃ আবদুল বারেক)**
ডেপুটি জেনারেল ম্যানেজার (প্রশাসন)

বিজ্ঞপ্তি-১৬/১৮
তারিখ : ২৪-০৯-২০১৮

# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

Bangladesh Chemical Industries Corporation
BCIC Bhaban, 30-31, Dilkusha C.A., Dhaka-1000, Bangladesh
www.bcic.gov.bd

সূত্র নং-৩৬.০১.০০০০.১২৬.১১.৪০১.১৮/৮৯১ তারিখঃ ২৪ সেপ্টেম্বর, ২০১৮খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন-এর নিয়ন্ত্রণাধীন কারখানাসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শূন্যপদ সমূহে উপযুক্ত প্রার্থীদেরকে অনলাইনে আবেদন ফরম পূরণ করার আহ্বান করা হচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড | বেতন স্কেল | বয়সসীমা (বছর) | আবেদনের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | সহকারী প্রোগ্রামার | ০৩ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | কম্পিউটারে ট্রেনিং সহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অথবা বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |
| ২ | চিকিৎসা কর্মকর্তা | ০৫ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | এমবিবিএস অথবা ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত এলএমএফ পাস। |
| ৩ | সহঃ প্রকৌশলী (কেমিক্যাল) | ৩০ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ৪ | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ১৫ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ৫ | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ১৫ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ৬ | সহকারী প্রকৌশলী (সিভিল) | ০২ | ৯ম | ২২০০০-৫৩০৬০/- | ৩০ | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ৭ | সহঃ বাণিজ্যিক কর্মকর্তা | ১৮ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | স্নাতকোত্তর অথবা স্ব-স্ব ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রি। |
| ৮ | সহঃ নিরাপত্তা কর্মকর্তা | ০১ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | স্নাতকোত্তর অথবা স্ব-স্ব ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রি। |
| ৯ | উপ-সহঃ প্রকৌঃ (কেমিঃ) | ৩১ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ১০ | উপ-সহঃ প্রকৌঃ (যান্ত্রিক) | ০৪ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ১১ | উপ-সহঃ প্রকৌঃ (বিদ্যুৎ) | ০৩ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ১২ | উপ-সহকারী প্রকৌঃ (সিভিল) | ০৩ | ১০ম | ১৬,০০০-৩৮৬৪০/- | ৩০ | ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |

মোট পদ=১৩০টি

**অনলাইনে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তগুলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ**

১. আগামী ২৬ সেপ্টেম্বর, ২০১৮খ্রিঃ তারিখ থেকে অনলাইনে নিয়মাবলী অনুসরণ করে আবেদন ফরম পূরণ করা যাবে। নিয়মাবলী অনুসরণ করে পরীক্ষার ফি বাবদ ৫০০ (পাঁচশত) টাকা SMS এর মাধ্যমে পাঠাতে হবে। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী ও নিয়মাবলী বিসিআইসি'র নিজস্ব ওয়েবসাইট www.bcic.gov.bd এবং http://bcic.teletalk.com.bd এ পাওয়া যাবে। অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ১৫ অক্টোবর, ২০১৮খ্রিঃ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত।

২. ১৫ অক্টোবর, ২০১৮খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।

৩. বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চাকুরীতে প্রথম যোগদান পর্যন্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫. নিয়োগের ক্ষেত্রে BCIC প্রবিধানমালা এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে। নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত সর্বশেষ কোটা পদ্ধতি অনুসরণ ও সংরক্ষণ করা হবে।

৬. এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বিসিআইসি'র নিজস্ব ওয়েবসাইট www.bcic.gov.bd এ পাওয়া যাবে। আবেদনের সময় হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষার ফলাফল, মৌখিক পরীক্ষার সিডিউল, চূড়ান্ত ফলাফল, নিয়োগপত্র সহ সকল তথ্য www.bcic.gov.bd এ প্রকাশ করা হবে।

**লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য করণীয়ঃ**

০৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ১০ কর্মদিবসের মধ্যে নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ, বিসিআইসি, বিসিআইসি ভবন (৬ষ্ঠ তলা), ৩০-৩১, দিলকুশা বা এলাকা, ঢাকা-১০০০ বরাবরে সরাসরি/ডাকযোগে নিম্নোক্ত সনদসমূহ দিতে হবে। জেলা ও মেধা কোটা ব্যতীত প্রার্থী যে কোটার আওতায় আবেদন করেছেন তা খামের উপরে ও আবেদনপত্রে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

সরকার কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরম এর অনুরূপ তথ্য ফরম পূরণ করে এর সাথে (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের Applicant Copy এর প্রিন্ট কপি, (খ) প্রবেশপত্র, (গ) আবেদনে উল্লিখিত সকল সনদ/কাগজাদি, (ঘ) সদ্যতোলা চার কপি পাসপোর্ট সাইজের ছবি, (ঙ) নিজ জেলার পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র অথবা, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (চ) চারিত্রিক সনদপত্র ও (ছ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে) জমা দিতে হবে। এছাড়া উপজাতীয় কোটায় দাবিদার প্রার্থীদের উপজাতী মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ছবিসহ সকল ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৮. (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় চাকুরী দাবীদার প্রার্থীকে চাকুরীর আবেদনপত্রের সাথে যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় চাকুরী দাবীদার প্রার্থীকে প্রেরিত আবেদনপত্রের হার্ডকপির সাথে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট আবেদপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ক ও খ উভয়ক্ষেত্রে সকল প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নিম্নে প্রদত্ত নির্ধারিত ছক আলাদা কাগজে পূরণ করে আবেদনের হার্ডকপির সাথে পাঠাতে হবে।

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ছক**

| ক্রম | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মুক্তিযোদ্ধার নাম | | |
| (২) | পিতার নাম | | |
| (৩) | উপজেলা/জেলার নাম | | |
| (৪) | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম তারিখ/জন্ম সনদ | | |
| (৫) | মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ | | |
| (৬) | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | | |
| (৭) | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | | |
| (৮) | মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | | |
| (৯) | বামুস সনদ নম্বর ও তারিখ | | |
| (১০) | মুক্তিযোদ্ধার নাতি/নাতিনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা মাতার জাতীয় পরিচয়পত্র | | |
| (১১) | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদ | | |
| (১২) | ভারতীয় তালিকার নম্বর ও কপি (যদি থাকে) | | |

০৯. যে সকল প্রার্থী বিদেশ হইতে ইঞ্জিনিয়ারিং/স্নাতক/স্নাতককোত্তর ডিগ্রি অথবা প্রযোজ্য ক্ষেত্রে যে কোন ডিগ্রি অর্জন করেছেন তাদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় হতে ইকুইভ্যালেন্স সংক্রান্ত যথাযথ প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করতে হবে।

১০. সরকারি, আধাসরকারি ও স্বয়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে মৌখিক পরিক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নো অবজেকশন সার্টিফিকেট (এনওসি)/অনাপত্তি পত্র দাখিল করতে হবে। এতদভিন্ন পূর্বের চাকুরীস্থলের আপত্তি পাওয়া গেলে প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১. চূড়ান্তভাবে নির্বাচিত এবং নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের পোস্টিংকৃত কর্মস্থলে ন্যূনতম ০৩ (তিন) বছর চাকুরী করতে হবে।

১২. চূড়ান্ত মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে কোন সময়ে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, পুলিশ ভেরিফিকেশন-এ বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে, স্বাস্থ্যগত অযোগ্যতার প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরীতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরী হতে বিসিআইসি প্রবিধানমালা ৫৪ (২) অনুযায়ী বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩. যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন যে কোন পর্যায়ে চাকুরীতে আবেদনকারীর প্রার্থীতা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪. কর্তৃপক্ষ নিয়োগের যে কোন পর্যায়ে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**করিমুন্নিসা**
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
চিফ অব পার্সোনেল এর পক্ষে

বিসিআইসি-১৫৬, তাঃ ২৪/৯/১৮
জিডি-২২৫০